# রেজিস্ট্রার অফিস

## REGISTRAR OFFICE

**UNIVERSITY OF CHITTAGONG**
**CHITTAGONG, BANGLADESH**

# চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

## চট্টগ্রাম, বাংলাদেশ

**Phone : PABX : 726311-14,**
**2606001-10, 2606015-27**

Extn. Off: 4201, 4202

**Fax : 880-31-2606014**
**E-mail : vccu66@gmail.com**
**vccu66@cu.ac.bd.**


স্মারক নং: সি.ইউ./আর.ও./টি.সি./এ-৩৯৭(৪)/২৩৭১(২০)/সাঃ তারিখ: ০৯-০২-২০২৬ ইং।

বরাবর,

| | | | |
|---|---|---|---|
| ১। | জনাব মো: সাব্বির রেজা | ১১। | জনাব নাবিলা ইসলাম |
| ২। | জনাব মো: আকবর হেসেন | ১২। | জনাব অনামিকা দে |
| ৩। | জনাব ইনসান আলী | ১৩। | জনাব অর্জুন চন্দ্র রায় |
| ৪। | জনাব আদিবা নাজিয়া | ১৪। | জনাব আমরিন আকতার |
| ৫। | জনাব শামীমা ইয়াছমিন শান্তা | ১৫। | জনাব তানজিনা আক্তার |
| ৬। | জনাব সাহিদুল হাসান | ১৬। | জনাব নাইমা জিয়া |
| ৭। | জনাব নাজমুল হক | ১৭। | জনাব কানন দত্ত |
| ৮। | জনাব কাজী মো: ইউসুফ | ১৮। | জনাব এম ফাতিন ইশতিয়াক |
| ৯। | জনাব শ্রাবন্তী দাশ চৈতী | ১৯। | জনাব সোনিয়া আফরোজ |
| ১০। | জনাব কে.এম. রিদওয়ান রাশেদ রুবাব | ২০। | জনাব সৈয়দ আবু জুনায়েদ ফাহিম |

**বিষয়: চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের নিয়োগ বিজ্ঞপ্তি নম্বর: ০৫/২০২৫ তারিখ: ১৯/০৮/২০২৫ মূলে বিজ্ঞাপিত মার্কেটিং বিভাগের প্রভাষক পদে নিয়োগের ব্যাপারে যোগ্য প্রার্থীগণের ইন্টারভিউ কার্ড।**

জনাব,

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের মার্কেটিং বিভাগে বিজ্ঞাপিত প্রভাষক পদে নিয়োগের জন্য আপনার আবেদনপত্রের পরিপ্রেক্ষিতে আদেশক্রমে আপনাকে জানানো যাচ্ছে যে, উক্ত পদে শিক্ষক নিয়োগের ব্যাপারে নির্বাচনী বোর্ডের এক সভা আগামী ২২-০২-২০২৬ ইং তারিখ সকাল ১০ টা ৩০ মিনিটে **এ বিশ্ববিদ্যালয়ের ড. এ. আর. মল্লিক ভবনে (প্রশাসনিক ভবন) ভাইস-চ্যান্সেলর মহোদয়ের অফিস কক্ষে অনুষ্ঠিত হবে।**

অত্র বিশ্ববিদ্যালয়ে প্রচলিত নিয়মানুযায়ী প্রার্থীগণের নিকট হতে সংশ্লিষ্ট বিষয়ে ৫০ (পঞ্চাশ) নম্বরের লিখিত পরীক্ষা গ্রহণ করে এতে ৬০% ও তদুর্দ্ধ নম্বর প্রাপ্ত প্রার্থীগণের নিকট হতে ২৫ (পঁচিশ) নম্বরের ক্লাশ প্রেজেন্টেশন ও ২৫ (পঁচিশ) নম্বরের মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে।

অতএব, লিখিত পরীক্ষা/ক্লাশ প্রেজেন্টেশন/মৌখিক পরীক্ষার জন্য আপনার দরখাস্তে বর্ণিত তথ্যের সমর্থনে সকল শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতার মূল সনদপত্রসহ উক্ত তারিখে যথাসময়ে প্রশাসনিক ভবনে উপস্থিত থাকার জন্য আপনাকে অনুরোধ করা হলো। এ জন্য বিশ্ববিদ্যালয় থেকে আপনাকে কোনো যাতায়াত ভাতা বা মহার্ঘ ভাতা প্রদান করা হবে না।

উল্লেখ্য যে, আপনি কোনো সংস্থায় বর্তমানে কর্মরত থাকলে এবং ইতোমধ্যে আপনার দরখাস্ত নিয়োগকারী কর্তৃপক্ষ ফরওয়ার্ড না করে থাকলে "নির্বাচিত হলে আপনাকে যথাসময়ে রিলিজ করা হবে"- এ মর্মে একটি প্রত্যয়নপত্র (এন ও সি) আপনার বর্তমান কর্মস্থল/নিয়োগকারী কর্তৃপক্ষ থেকে সাক্ষাৎকারের পূর্বে দাখিল করতে হবে, অন্যথায় আপনাকে লিখিত পরীক্ষা/ক্লাশ প্রেজেন্টেশন/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ প্রদান করা হবে না।

ধন্যবাদান্তে,

আপনার বিশ্বস্ত,
স্বাক্ষরিত/-
(মোঃ হাছান মিয়া)
ডেপুটি রেজিস্ট্রার(প্রশাসন)
রেজিস্ট্রার অফিস
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।

সি.ইউ./আর.ও./টি.সি./এ-৩৯৭(৪)/২৩৭১ (২০)/সাঃ তারিখ: ০৯-০২-২০২৬ ইং।

অবগতি ও প্রয়োজনী ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১। পরিচালক, আই.সি.টি. সেল, চ.বি.। ইহা প্রচারের নিমিত্ত চ.বি. ওয়েবসাইটে https://cu.ac.bd./noticeboard-এ আপলোড করার ব্যবস্থা গ্রহণের জন্য আদেশক্রমে তাঁকে অনুরোধ করা হলো।

০৯/২/২০২৬
(মোঃ হাছান মিয়া)
ডেপুটি রেজিস্ট্রার(প্রশাসন)
রেজিস্ট্রার অফিস
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।